



বর্ষ-০৬, জানুয়ারি সংখ্যা ২০১৯

### আমাদের সেবাসমূহঃ

- প্রকল্প পরিকল্পনা
- প্রকল্প তৈরী
- প্রকল্প বাস্তবায়ন
- প্রকল্প ব্যবস্থাপনা
- বাজার গবেষণা

### আমাদের প্রকল্পসমূহঃ

- ফিডমিল
- সাইলো
- পোল্ট্রি হাউজ ও ইকুইপমেন্ট
- পোল্ট্রি প্রসেসিং
- মিট প্রসেসিং
- অন্যান্য কৃষি প্রকল্প

## HAPPY NEW YEAR



বাংলাদেশে কৃষিখাতের উন্নয়নে যাঁরা নিরলস কাজ করে চলেছেন, আমরা সর্বদাই তাঁদের পাশে আছি। আমরা নিউজ লেটারের মাধ্যমে আমাদের কর্মকান্ড তুলে ধরার চেষ্টা করি এবং বিশ্বাস করি আমাদের এই প্রকাশনা আপনাদের কৃষি প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সহায়ক হিসেবে কাজ করবে।

এই সংখ্যায় থাকছে - সমসাময়িক পোল্ট্রি শিল্প এবং বাংলাদেশ, ফিডমিল শিল্পে ক্রেডিট সেল, সিঙ্গেল স্ক্রু বনাম টুইন স্ক্রু এক্সট্রুডার, উৎপাদনে যাচ্ছে সুগন্ধা ফিড মিলস্ লিঃ -এর প্রিমিয়ার ফিড, শ্রীপুরে নারিশের ব্রিডার ফিডমিল সংক্রান্ত ও অন্যান্য সংবাদ।

শুধুমাত্র যন্ত্রপাতি সরবরাহই নয়, আপনার সাহসী যাত্রার স্বার্থক বাস্তবায়ন করাই আমাদের লক্ষ্য। আমাদের কাস্টমার কেয়ার এবং ইঞ্জিনিয়ারিং টিম সার্বক্ষণিক আপনাকে সহযোগিতা করতে প্রস্তুত।

ধন্যবাদসহ

নিউজ লেটার টিম

কাস্টমার কেয়ার :  
**017CKNFEEDS**  
25633337

E-mail: [info@cknfeeds.com](mailto:info@cknfeeds.com)

Website: [www.cknfeeds.com](http://www.cknfeeds.com)

অফিস: হোল্ডিং নং-০৮, সড়ক-১৪, ধানমন্ডি, ঢাকা-১২০৯

Phone: +880 2 9121205-06; 9121456



## সিঙ্গেল স্ক্রু বনাম টুইন স্ক্রু এক্সট্রুডার:সিদ্ধান্ত আপনার

বাংলাদেশে মাছের ভাসমান খাদ্য ক্রমেই জনপ্রিয়তা লাভ করছে। মৎস খামার গুলোতে ডুবন্ত খাদ্যের পাশাপাশি ভাসমান খাদ্যের ব্যবহার ক্রমাগত বেড়েই চলেছে। অনেক অঞ্চলে ডুবন্ত খাদ্যের পরিবর্তে ভাসমান খাদ্য দিয়ে মাছের চাষ করা হচ্ছে। ভাসমান খাদ্যের এই বহুল ব্যবহারের কারণে বড় মাপের খাদ্যের সাথে সাথে ছোট মাপের খাদ্যের (অনেকেই এই খাদ্যকে মাইক্রো ফিড হিসেবে বর্ণনা করেন) ব্যবহার বেড়ে চলেছে। আমাদের দেশে প্রতিষ্ঠিত অধিকাংশ ভাসমান খাদ্য উৎপাদনকারী ফিডমিল গুলোতে সিঙ্গেল স্ক্রু এক্সট্রুডার ব্যবহার করা হয়েছে। সিঙ্গেল স্ক্রু এক্সট্রুডারে ছোট মাপের ফিড বা মাইক্রো ফিড তৈরি করা যায় না মাইক্রো ফিডের জন্য প্রয়োজন টুইন স্ক্রু এক্সট্রুডার। ইতোমধ্যে বাংলাদেশে টুইন স্ক্রু এক্সট্রুডার সম্বলিত কয়েকটি ফিডমিল গড়ে উঠেছে। এখানে বলাই বাহুল্য যে টুইন স্ক্রু এক্সট্রুডার সিঙ্গেল স্ক্রু এক্সট্রুডারের তুলনায় অনেক বেশি ব্যয়বহুল। সেই সাথে টুইন স্ক্রু এক্সট্রুডারে রক্ষনাবেক্ষন ব্যয় বেশি। টুইন স্ক্রু এক্সট্রুডারে মাইক্রো ফিড আদর্শ সমাধান হলেও এই এক্সট্রুডারে বড় মাপের ফিড তৈরি করলে Cost of Feed বেশি হয় যা অনেক ক্ষেত্রেই লাভজনক হয়না। তবে এটা বলাই বাহুল্য যে টুইন স্ক্রু এক্সট্রুডারে তৈরি ফিডের আকার এবং আকৃতি তুলনামূলক ভাবে সিঙ্গেল স্ক্রু এক্সট্রুডারের চেয়ে ভালো হয়।

### TWIN SCREW EXTRUDER

Model	Main Power (kw)	Feeder Power (kw)	Conditioner power (kw)	Cutting power (kw)	Capacity (t/h)
TSE68	55/75	1.5	7.5	3	0.5-1.8
TSE98	90/110	1.5	11	4	1.5-3.0
TSE128	160/200	2.2	18.5	5.5	3.0-7.0
TSE148	250/315	3	2.2	7.5	7.0-12.0

### SINGLE SCREW EXTRUDER

Model	Main Power (kw)	Feeder Power (kw)	Conditioner power (kw)	Cutting power (kw)	Capacity (t/h)
SHSP165	132/160	2.2	15/18.5	4	3.0-5.0
SHSP185	185/200	2.2	18.5	5.5	4.0-7.0
SHSP215	250/285	3	22	7.5	6.0-10.0

মূলত সিঙ্গেল স্ক্রু অথবা টুইন স্ক্রু এক্সট্রুডারের ব্যবহার নির্ভর করে আপনার প্রোডাক্ট রেঞ্জের উপর এবং এই সিদ্ধান্ত আপনাকেই নিতে হবে। সাধারণত সিঙ্গেল স্ক্রু এক্সট্রুডার ন্যূনতম ১.৫ মি.মি মাপের ফিড থেকে যেকোন বড় মাপের ফিডের জন্য ব্যবহার করা হয়। এই মাপের চেয়ে ছোট ফিড তৈরি করতে হলে টুইন স্ক্রু ব্যবহার অত্যাৱশ্যক।

দীর্ঘদিনের R&D এর সফল প্রোডাক্ট হিসেবে FCM সিঙ্গেল স্ক্রু অথবা টুইন স্ক্রু এক্সট্রুডার থেকে নিম্নের ছক অনুযায়ী খাদ্য উৎপাদন করা সম্ভব।

ছক-১		ছক-২	
সিঙ্গেল স্ক্রু এক্সট্রুডার		টুইন স্ক্রু এক্সট্রুডার	
খাদ্যের মাপ	খাদ্যের মাপ	খাদ্যের মাপ	খাদ্যের মাপ
Ø ০.৮ মি.মি.(ন্যূনতম)	Ø ০.৫ মি.মি.(ন্যূনতম)	Ø ০.৮ মি.মি.	Ø ১.০০মি.মি.
Ø ১.০০মি.মি.	Ø ১.৫মি.মি.	Ø ১.৫মি.মি.	Ø ২.৫মি.মি.
Ø ১.৫মি.মি.	Ø ২.৫মি.মি.	Ø ৩.০০মি.মি.	Ø ৪.০০মি.মি. বা ততোধিক
Ø ২.৫মি.মি.	Ø ৩.০০মি.মি.		
Ø ৩.০০মি.মি.	Ø ৪.০০মি.মি. বা ততোধিক		
Ø ৪.০০মি.মি. বা ততোধিক			

এখানে উল্লেখযোগ্য যে টুইন স্ক্রু থেকে উৎপাদিত খাদ্য দেখতে অনেক বেশি সুন্দর হবে। যদিও উৎপাদন ব্যয় তুলনামূলকভাবে সিঙ্গেল স্ক্রু তুলনায় অনেক বেশি। তাই এই ব্যাপারে আপনাকেই সিদ্ধান্ত নিতে হবে আপনি কি চান।



## ফিডমিল শিল্পে হুমকির নাম “ক্রেডিট সেল”

বাংলাদেশের ফিড শিল্প বর্তমানে তথাকথিত ক্রেডিট সেল নামক তীব্র সমস্যার সম্মুখীন হয়েছে। যা এই শিল্প টিকে থাকার পথে হুমকি স্বরূপ। সংঘবদ্ধ হয়ে এবং যথাযথ নীতি গঠন করে এই ক্রেডিট সেল বিষয়টিকে হ্রাস করা সম্ভব অনেক সহজেই। এখনই সঠিক সময় সংঘবদ্ধ হয়ে এবং যথাযথ নীতি গঠন করে এই ক্রেডিট সেল বিষয়ক সমস্যার সমাধান করার। আমরা যদি নিম্নলিখিত ১০-১২ টি কোম্পানির কথা বিবেচনা করি যারা প্রকৃতপক্ষে মোট বাজার ভাগের ৫৫%-৬০% ধারণ করে থাকে যেমন নারিশ, প্যারাগন, কোয়ালিটি, কাজী, আফতাব, সিপি, প্রোভিটা, আমান, এসিআই গোদরেজ, নিউ হোপ, এজি এগ্রো এবং আর আর পি। এই ১০-১২ টি কোম্পানির প্রতি মাসে মোট বিক্রির পরিমাণ প্রায় ২৭০,০০০ - ২৮০,০০০ মেট্রিক টন। আমরা যদি ২৫ টি কোম্পানির কথা বিবেচনা করি তাহলে এই বিক্রির পরিমাণ গিয়ে দাঁড়াবে প্রায় ৮০%। এই সমস্ত কোম্পানির বেশির ভাগই বর্তমানে ডিলারদের হাতে জিম্মি। এ সমস্ত ডিলাররা প্রায়ই ফিডমিল কোম্পানি পরিবর্তন করে থাকে এবং আরো বেশি বেশি মুনাফার সুবিধা গ্রহণ করে থাকে। যা এই শিল্পের বাজার ব্যবস্থায় অস্থিতিশীলতা এবং অসুস্থ প্রতিযোগিতার পরিবেশ তৈরী করতে পারে খুব সহজেই। আর তা এই শিল্পের ভাবমূর্তি নষ্ট করে ধ্বংসের দিকে ঠেলে দিতে পারে। বর্তমানে কিছু কিছু ডিলাররা রীতিমত আমাদের এই শিল্পকে প্রভাবিত করছে।

এক সময়ে একজন ডিলার একাধিক কোম্পানির খাদ্য বিক্রয় করতে পারতেন না। বর্তমানে এই বাধ্যবাধকতা না থাকায় ডিলাররা ইচ্ছেমত বিভিন্ন কোম্পানির ডিলারশিপের সুবিধা একই সাথে ভোগ করছেন। ক্রমশ বাজার হয়ে পড়ছে ডিলার নির্ভর। এই সুযোগ ডিলাররা নিচ্ছে ক্রেডিট লিমিট এবং বাকিতে খাদ্য কিনে। বাকি পরিশোধেও তারা ইচ্ছেমত নিজেদের স্বার্থ রক্ষা করছে। শীর্ষস্থানীয় কোম্পানীগুলো এক হয়ে এই অবস্থার পরিবর্তন করতে পারেন। ব্যক্তিগতভাবে শীর্ষস্থানীয় কোম্পানীগুলোর অনেকের সাথে কথা বলে জানা গেছে সবাই মহাবিপদের মধ্যে আছে। অনেক ক্ষেত্রেই হাজার কোটি টাকা বিনিয়োগ করে তাঁরা রীতিমত ডিলারদের হাতের পুতুলের মতো হয়ে আছে। তাঁরা সবাই এক হয়ে এই বিষয়ে একটা নীতি নির্ধারণ করতে আগ্রহী, কিন্তু শুরুটা করবে কে সেটা একটা বড় অন্তরায় হয়ে দাঁড়িয়েছে।

FIAB বা BPICC পারে এ বিষয় নিয়ে নীতি নির্ধারণমূলক কর্মসূচীর আয়োজন করতে। এছাড়া এই শিল্প থেকে কিছু ব্যক্তিকে এই কর্মসূচীতে রাখা যেতে পারে যারা এই শিল্পের উন্নয়নে নিবেদিত প্রাণ। আর তা যত দ্রুত করা যায় ততই মঙ্গল। তাই যত দ্রুত সম্ভব সমস্ত স্টেকহোল্ডারদের একত্রিত করে দ্রুত এই বাজার পরিস্থিতির স্থিতিশীলতা ফিরিয়ে আনতে হবে।



**FCM**  
Reliable Robust User Friendly



**High Quality Great Efficiency Stabilization**

FCM takes the divided cooperative production with specialized advantages as concept, keeps improving the design and performance of equipment in the practice and supply high quality pelleting equipment to the customers.







## সমসাময়িক পোল্ট্রি শিল্প এবং বাংলাদেশ

### ডিম:

গত তিন বছরের লেয়ার মুরগীর বা ডিমের উপর পর্যলোচনা করলে দেখা যাবে এই শিল্পের হিসাব অংকের কোন নিয়মে পড়ে না। লেয়ার DOC- এর দাম ১০০.০০ বা ১২০.০০ বা ১৪০.০০ টাকা কোন যুক্তিতেই সমর্থনযোগ্য নয়। তেমনি ওই একই লেয়ার DOC-এর মূল্য ৪.০০, ৫.০০ বা ১৫.০০ টাকা কখনই কাম্য নয়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ ব্যাপারে সঠিকভাবে নজরদারি করলে বাজারের এই অতিরিক্ত মুনাফা বা উৎপাদন ব্যয়ের চেয়ে কম দামে বিক্রয় করার এই অবস্থার পরিবর্তন করা সম্ভব। ডিমের গুণাগুণের উপর প্রমোশন করার কারণে ডিমের গ্রহণযোগ্যতা অনেক বেড়ে গেছে। বিশ্বের সাথে তাল মিলিয়ে আমাদের খাদ্যে ডিমের কনজামশন আরো কয়েকগুণ বেড়ে যেতে পারে। এছাড়াও ডিমের পাউডার বা লিকুইড ডিমের মতো ভ্যালু অ্যাডেড প্রোডাক্ট তৈরি করে ইন্ডাস্ট্রিয়াল কনজামশন বৃদ্ধি করা যেতে পারে। বাংলাদেশের পোল্ট্রি শিল্প যে গতিতে বৃদ্ধি পাচ্ছে তার চেয়েও বেশি গতিতে ডিম এবং মুরগির মাংসের কনজামশন বৃদ্ধি করা দরকার। তাহলেই ডিমান্ড এবং সাপ্লাই অনুপাত ঠিক রেখে শিল্প এবং খামারীর সমৃদ্ধি সম্ভব। এটি একটি সমন্বিত কার্যক্রম যা ইন্ডাস্ট্রির সকলের অংশগ্রহণের মাধ্যমে বাস্তবায়ন করা সম্ভব। সরকার এবং বাংলাদেশ পোল্ট্রি শিল্পের বিভিন্ন অ্যাসোসিয়েশন এ ব্যাপারে কার্যকরী ভূমিকা রাখবেন বলে আমরা আশা করি।

- Rich in protein
- Control homo cysteine amino acid level which is good for heart
- Plenty of phosphorous keep teeth, bones kidney, liver & nervous system functional
- Abundant in selenium provide essential mineral in metabolic performance like thyroid, hormone, metabolism & immunity function
- Rich in Niacin active against cancer & other DNA damage
- Nature anti -depressant
- Protect eye health
- Essential healthy tissue
- Prevents bone loses

What you get when you consume chicken

For public health awareness  
**CHICKS & FEEDS**  
Total Agro-Industrial Solution

### Recommended Dietary Allowance

Eggs also contain decent amounts of vitamin D, vitamin E, vitamin K, vitamin B6, calcium and zinc

Selenium: 22%

Vitamin B2: 15%

Phosphorus: 9%

Vitamin B12: 9%

Vitamin B5: 7%

Vitamin A: 6%

Folate: 5%

### Nutrition of Egg

At least 1 egg per day for Nutrition

For public awareness  
**CHICKS & FEEDS**  
Total Agro-Industrial Solution

### মাংস:

নিরাপদ খাদ্য কি এবং জাতি গঠনের জন্য নিরাপদ খাদ্য বা প্রোটিনের প্রয়োজনীয়তা বিষয়ক সচেতনতা সৃষ্টি বাংলাদেশের পোল্ট্রি শিল্পকে আরো এক ধাপ এগিয়ে নিয়ে যেতে পারে।

মাছে-ভাতে বাঙালী এই দৃষ্টি ভঙ্গি ক্রমশ কমানোর জন্য সার্বজনিন চেষ্টা করতে হবে। মাছ এবং ভাতের পাশাপাশি মাংস, ডিম, দুধের গুরুত্ব সবাইকে বুঝতে হবে। মধ্যম সারির দেশ গঠনের জন্য বা উচ্চ সারির দেশ গঠনের জন্য আমাদের প্রজন্মকে শরীর এবং বুদ্ধিতে বলিষ্ঠ ও শক্তিশালী করে গড়ে তুলতে হবে।

সম্প্রতি পোল্ট্রি খাদ্যের বিভৎষতা নিয়ে কিছু মিডিয়া কাভারেজ সাধারণ মানুষকে পোল্ট্রি মাংস খাদ্যপোষ্যগী কিনা এই নিয়ে দ্বিধা-দ্বন্দ্বের মধ্যে ফেলেছে। এই অবস্থা চলতে থাকলে আমাদের পোল্ট্রি শিল্প ক্রমশই দুর্বল হয়ে যেতে পারে। এখনই সময় আমাদের দেশের মানুষকে নিশ্চিত করার যে মুরগির মাংস সম্পূর্ণ নিরাপদ এবং আমাদের জাতি গঠনে মুরগির মাংসের কোন বিকল্প নেই। জনমনে এই ভীতি দূরীকরণের জন্য সবরকম কর্মসূচী গ্রহণ করা দরকার। শুধু টেলিভিশনের ভিতরে আবদ্ধ না রেখে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে মুরগির মাংস আমাদের জন্য নিরাপদ এই বিষয়ক কর্মশালা বা ফুড ফেস্টিভ্যাল আয়োজন করা যেতে পারে।

প্যাথোজেনের বিভৎষতা নিয়ে জনগনের মধ্যে শিক্ষা প্রসার আরেকটি গুরুত্বপূর্ণ বিষয়। বিশেষ করে মাংস, ডিম বা দুধে প্যাথোজেনের প্রভাব অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর থেকে মুক্তির একটি উপায় এবং তা হলো যে কোন মাংসের যত্রতত্র জবেহ বন্ধ করা এবং চিল্ড মিট বা ফ্রোজেন মিট শহর-গ্রাম সবখানেই জনপ্রিয় করে তোলা। বর্তমানে আমাদের দেশে অনেকগুলো কোম্পানি ব্র্যান্ডিং করে নিজেদের প্রসেস করা মাংস সরবরাহ করছে। ভবিষ্যতে পুরো দেশব্যাপী এইসমস্ত ব্র্যান্ডের মাংস মানুষের দোরগোড়ায় নিতে পারলে বাংলাদেশের পোল্ট্রি শিল্প স্থিতিশীল হবে।



## উৎপাদনে যাচ্ছে সুগন্ধা ফিড মিলস্ লিঃ -এর প্রিমিয়ার ফিড

বাংলাদেশের কৃষি শিল্পে সুগন্ধা ফিডমিল সম্ভাবনার নতুন একটি নাম। ঝালকাঠি জেলার দপদপিয়ায় নির্মিত হচ্ছে এই ফিডমিলটি। FCM এর উৎপাদিত যন্ত্রপাতি ব্যবহার করে নির্মিত হতে যাচ্ছে এই ফিডমিলটি। “নিরাপদ খাদ্য, নিরাপদ স্বাস্থ্য” বাস্তবায়নের লক্ষ্য এবং স্লোগান নিয়ে যাত্রা শুরু করা সুগন্ধা ফিডমিল লিমিটেড উৎপাদন করতে যাচ্ছে “প্রিমিয়ার ফিড” ব্র্যান্ডের বিভিন্ন প্রকার ফিড। যেখানে রয়েছে প্রতি ঘন্টায় ৫-৮ টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন মাছের ভাসমান খাদ্য ও ৫-৮ টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন মাছের ডুবন্ত খাদ্যের একটি প্লান্ট। উল্লেখ্য যে বাংলাদেশে এই প্রথম চিংড়ির জন্য এটিই একমাত্র ফিডমিল যা প্রকৃতই চিংড়ি ফিড উৎপাদনের মূল প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। প্রতি ঘন্টায় ১২-১৫ টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন ব্রয়লার খাদ্য ও ১০ টন লেয়ার খাদ্য উৎপাদনের আরেকটি প্লান্ট।

এছাড়াও এখানে কাঁচামাল সংরক্ষণের জন্য রয়েছে ৪৫০০ টন ধারণ ক্ষমতা সম্পন্ন দুটি সাইলো এবং জাহাজ থেকে মালামাল লোড-আনলোড করার জন্য পোর্ট ফ্যানসিলিটি। চিকেন্স অ্যান্ড ফিডসের তত্ত্বাবধানে নির্মিত এই প্রজেক্টের সর্বকিছুই FCM থেকে সরবরাহ করা হয়েছে। এই প্রজেক্টে কর্তব্যরত চিকেন্স অ্যান্ড ফিডস্ - এর হেড অব অপারেশন ইঞ্জিনিয়ার মোঃ নজরুল ইসলাম জানান গত জুন ২০১৮ তে শুরু হওয়া এই প্রজেক্টের কাজ প্রায় শেষের দিকে। ইতঃমধ্যেই প্রজেক্টের পোল্ট্রি ফিড অংশের কমিশনিংএর কাজ শেষ হয়েছে এবং ফিশফিড মিলের কমিশনিং হবে চলতি ডিসেম্বর মাসের মাঝামাঝি সময়ে। তিনি আরো আশা প্রকাশ করেন যে সর্বকিছু ঠিক থাকলে ইনশা আল্লাহ এই মাসেরই শেষের দিকে প্রজেক্টের সকল কাজ শেষ করে জানুয়ারি মাসেই উৎপাদন কাজ শুরু করতে পারবে।





**ASTINO**  
The Symbol of Quality

Double  
Storied  
Breeder  
shade

**Total Poultry**  
Equipment Manufacturer



[www.astino.com.my](http://www.astino.com.my)



## সমবেতভাবে, নিশ্চিত করি নিরাপদ খাদ্য

আমরা স্মরণ করতে পারি ১৯৭৪ সালের কথা যখন মানুষের খাবার ছিলনা। এমনকি ধনী ব্যক্তিরও ছিল এ ব্যাপারে ভুক্তভুগী। হাজার হাজার মানুষ শুধু না খেতে পেয়ে মারা গিয়েছিল। মানুষ ছিল মাত্র সাড়ে সাত কোটি। এক বিঘা জমিতে ধান উৎপাদন হতো ৫ - ৬ মণ। ৯০% মানুষেরই খাবার ছিল ভাত, ডাল, আলু বা বেগুন ভর্তা। মুরগীর, গরু বা খাশীর মাংস ছিল সোনার হরিণের মতো ব্যাপার। নদীতে মাছ ছিল পর্যাপ্ত কিন্তু প্রায় ৯০ ভাগ মানুষেরই তার যোগান দেওয়ার সামর্থ্য ছিল না। কিন্তু বর্তমানে সেই চিত্র পরিবর্তন হয়েছে, সেই একই পরিমাণ জমিতে ধান উৎপাদন হয় ২০ - ২৫ মণেরও বেশি। পরিবর্তন হয়েছে জাতীয় পুষ্টি চাহিদার আরো অনেক কিছু এবং আমরা আশা করতে পারি আগামী দশকের বাংলাদেশের মানুষের থাকবে সুখম খাদ্যের স্বয়ংসম্পূর্ণতা। বাংলাদেশের মানুষের গড় আয়ুও বেড়েছে ৩৮ বছর থেকে ৭২ বছরে। এইগুলো সবই আমাদের অর্জন।

এখন সময় মানুষের জন্য নিরাপদ খাদ্য নিশ্চিত করার। নিরাপদ খাদ্যের বিরুদ্ধে যায় এমন যেকোন কিছু বা যেকারো বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণে সহণশীলতার মাগ্রে শূণ্যের কোঠায় আনতে হবে। যেই হোক না কেন, একজন ধান চাষী, ফলমূল বা সজি উৎপাদক কিংবা মুরগীর খামারী বা ফিডমিলের মালিক সবারই উচিত নিরাপদ খাদ্যের ব্যাপারে সবধরনের বিবেচনা রাখা। আর নয় আমাদের কিংবা আমাদের ভবিষ্যৎ প্রজন্মদের জীবন নিয়ে খেলা। BRAND মানে হলো কোন কোম্পানীর পারিবারিক ইতিহাস। ব্র্যান্ড পরিচিতি থাকা কোম্পানীগুলোর এগিয়ে আসা উচিত এবং তাদের ব্র্যান্ডের আওতায় নিরাপদ খাদ্য নিশ্চিত করতে সরকারের সাথে আলোচনা শুরু করা উচিত।

এ ছাড়া প্রত্যেকটি কোম্পানীরই উচিত ধাপে ধাপে তাদের ব্র্যান্ডের পরিচিতি, গুরুত্ব এবং বিশ্বাসযোগ্যতাকে দিন দিন শক্তিশালী করে তোলা। এটা একটা ভ্যালু চেইন তৈরী করে। ধান, চাল, শাক-সজি, ফলমূল, মাছ, মুরগী প্রভৃতির এসমস্ত চাষী এবং উৎপাদকগন এই ভ্যালু চেইনের অংশীদার হবে। যদি কেউ বা এই ভ্যালু চেইনের কোন অংশীদার ভেজাল উৎপাদনের মাধ্যমে অতিরিক্ত মুনাফা অর্জন করতে চায় বা চেষ্টা করে তাহলে ভ্যালু চেইনের নীতিমালা অনুসারে তাকে যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে। আমরা যদি এরকম ভবিষ্যৎ বিবেচনা করতে পারি, তাহলে এটা আমাদের শিল্পকে আরো শক্তিশালী করতে সহায়তা করবে এবং আমরা নিশ্চিত করতে পারবো সবার জন্য নিরাপদ খাদ্য, নিরাপদ ও সুস্থ্য-সবল ভবিষ্যৎ প্রজন্মা। একটা শিশু জন্মগ্রহণ করে কিছু মৌলিক অধিকার নিয়ে:

- . নিরাপদ খাবার পানি
  - . নিরাপদ খাদ্য
  - . নিঃশ্বাস নেয়ার জন্য পরিষ্কার বাতাস
- এখনই সময় এক হওয়ার এবং শুরু করার নিরাপদ খাদ্য আন্দোলন এবং সবার জন্য নিরাপদ খাদ্য নিশ্চিত করার। একতাই শক্তি, আসুন আমরা আমাদের লক্ষ্য পূরণে এক হয়ে কাজ করি।

## Pearl 22 ইনকিউবেটর

### জাপানের অত্যাধুনিক এবং বিদ্যুৎ সাশ্রয়ী ইনকিউবেটর





Ishii Livestock Equipment co., Ltd Shanghai



## চিকস্ অ্যান্ড ফিডস্ - নারিশ সম্পর্কের আরেক ধাপ; শ্রীপুরে ব্রিডার ফিডমিল

বাংলাদেশের কৃষি শিল্পে নারিশ একটি সুপরিচিত নাম। দেশের কৃষিশিল্পে নারিশ আস্থার প্রতীক হয়ে অবদান রেখে চলেছে। কৃষি শিল্পের সাথে জড়িত এমন কেউ নেই যে, নারিশের নাম শোনেনি।

২০০৬ সালে ময়মনসিংহের ভালুকায় ঘন্টায় ২০ টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন একটি পোল্ট্রি খাদ্যের প্লান্ট দেওয়ার মাধ্যমে সম্পর্ক শুরু হয় চিকস্ অ্যান্ড ফিডস্ -এর সাথে নারিশের। তারপর একে একে নারিশের হ্যাচারী, ব্রিডার ফার্মের বিভিন্ন স্থাপনায় চিকস্ অ্যান্ড ফিডস্ গত এক যুগ ধরে নারিশের সাথে উন্নয়ন সহযোগী হিসাবে কাজ করে আসছে। ২০১২ সালে নির্মিত নারিশের বগুড়া ফিডমিল বাংলাদেশের একটি আদর্শ ফিডমিল যা গ্রীন ফিডমিল হিসেবে পরিচিত। খাদ্য উৎপাদনের প্রতিটি পর্যায়ে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য যা কিছু প্রয়োজন তা নারিশের প্রতিটি ফিডমিলের মতো এখানেও পুঙ্খানুপুঙ্খভাবে মেনে চলা হয়। এর অতিরিক্ত হলো এই ফিডমিলের পরিবেশ, পরিচ্ছন্নতা এবং শৃংখলা যা শুধু বাংলাদেশ নয়, বিশ্বমানের। এই ফিডমিলটিতে কোন ক্লিনার নেই কিন্তু বিশাল এই ফিডমিলের কোথাও এতেটুকু ময়লা আবর্জনা চোখে পড়বেনা। এই কৃতিত্ব নারিশ ম্যানেজমেন্টের পাশাপাশি ফিডমিল ম্যানেজারেরও বটে। ভালুকায় অবস্থিত নারিশের সেন্ট্রাল ল্যাব দেশের ফিডমিলগুলোর মধ্যে একটি অন্যতম।

বর্তমানে শ্রীপুরে নারিশের পুরাতন চিয়াতুং ফিডমিলটি অপসারণ করে FCM থেকে অত্যাধুনিক একটি ব্রিডার ফিডমিল নির্মানের কাজ চলছে। অপারেটরবিহীন এই ফিডমিলটিতে রয়েছে বাল্ক ট্রাক লোডিং সিস্টেম যা ফিডমিল থেকে নারিশের বিভিন্ন ফার্মে কোনরকম ব্যাগ ব্যবহার না করে খাদ্য সরবরাহ করবে।

প্রতি ঘন্টায় ১০-১২ টন উৎপাদন ক্ষমতাসম্পন্ন এই ব্রিডার ফিডমিলটির বর্তমানে ইরেকশন ও ইনস্টলেশনের কাজ চলছে। আশা করা যায় ফেব্রুয়ারী ২০১৯ এর মধ্যে এই ফিডমিলটি উৎপাদনে যেতে পারবে।

নারিশের সাথে চিকস্ অ্যান্ড ফিডস্ - এর এই পারস্পরিক সম্পর্ক বাংলাদেশের পোল্ট্রি শিল্পের অগ্রগতিতে বিশেষ ভূমিকা রাখছে। আমরা আশা করি ভবিষ্যতেও এই সুসম্পর্ক বজায় থাকবে এবং দেশের কৃষি শিল্পের বিকাশ ও উন্নয়নে বিশ্বস্ততার সাথে ভূমিকা রাখবে।



## YOUR CHALLENGES OUR SOLUTIONS

**MEYN**<sup>®</sup>  
Poultry Processing Solutions





বর্ষ-০৬, জানুয়ারি সংখ্যা ২০১৯

## Our Global Partners :

### FCM, China

Turn-key Feed Mill Project

### ASTINO, Malaysia

Environment Controlled House & Equipment

### Meyn, Netherland

Poultry Processing Solution

### Mancini Group, Italy

Food Industries Technologie  
(Cattle & Goat Slaughter House)

### Ishii Poultry, Japan

Single-stage, Multi-stage Incubators & Hatchery  
Automation

## Our valued Customers :

- Abir Poultry & Hatchery Ltd.
- Afil Agro Ltd.
- AG Agro Industries Ltd.
- Bangla Feed Mill Ltd.
- Bashundhora
- CSD, Bangladesh Army
- Dhaka Breeders & Hatcheries Ltd.
- EON Group.
- FEMA International.
- Goalundo Hatcheries Ltd.
- Golden Poultry & Fish Feeds Ltd.
- Gram Bangla Poultry & Fish Feed Ltd.
- Index Agro Industries Ltd.
- IRIS Agro Ltd.
- Kulsum Feed
- Montana Agro Industries.
- Nahar Agro Group
- National Group
- Nourish Poultry & Hatchery Ltd.
- Paragon Agro Ltd.
- Perfect Agro Complex Ltd.
- RRP Feed Mill
- Satkhira Feed Industries Ltd.
- Shah Amla Feed Mill
- Sugandha Feedmill Ltd.
- etc



Chicks & Feeds Limited



[www.cknfeeds.com](http://www.cknfeeds.com)